

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪৬৫

১২/ কুরআন

পরিচ্ছেদঃ বিশেষ বিশেষ সূরা ও আয়াত পাঠ করার উপর উৎসাহ দান

## আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا : بَيْنَمَا جِبْرِيلُ قَاعِدٌ عِنْدَ النَّبِيِّ عَيَّلِيٌ سَمِعَ نَقِيضاً مِنْ فَوقِهِ فَرَفَعَ رَأْسَهُ، فَقَالَ: هَذَا بَابٌ مِنَ السَّمَاءِ فُتِحَ اليَوْمَ وَلَمْ يُفْتَحْ قَطُّ إِلاَّ اليَوْمَ فَنَزلَ منهُ مَلَكُ فَقَالَ: هَذَا مَلَكُ نَزَلَ إِلَى الأَرْضِ لَمْ يَنْزِلْ قَطِّ إِلاَّ اليَومَ فَسَلَّمَ وَقَالَ : أَبْشِرْ بِنُورَيْنِ مَلَكُ فَقَالَ: هَذَا مَلَكُ نَزَلَ إِلَى الأَرْضِ لَمْ يَنْزِلْ قَطِّ إِلاَّ اليَومَ فَسَلَّمَ وَقَالَ : أَبْشِرْ بِنُورَيْنِ أَوْتِيتَهُمَا لَمْ يُؤتَهُمَا نَبِيُّ قَبْلَكَ: فَاتِحَةُ الكِتَابِ، وَخَواتِيمُ سُورَةِ البَقَرَةِ، لَنْ تَقْرَأً بِحَرْفٍ مِنْهَا إِلاَّ أَعْطِيتَه رواه مسلم

## বাংলা

(১৪৬৫) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা জিবরীল (আঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বসে ছিলেন। এমন সময় উপর থেকে একটি শব্দ শুনতে পেলেন। তিনি (জিবরীল) মাথা তুলে বললেন, 'এটি আসমানের একটি দরজা, যা আজ খোলা হল। ইতোপূর্বে এটা কখনও খোলা হয়নি। ওদিক দিয়ে একজন ফিরিশতা অবতীর্ণ হল। এই ফিরিশতা যে দুনিয়াতে অবতরণ করেছে, ইতোপূর্বে কখনও অবতরণ করেনি।' সুতরাং তিনি এসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সালাম জানিয়ে বললেন, ''আপনি দু'টি জ্যোতির সুসংবাদ নিন। যা আপনার আগে কোন নবীকে দেওয়া হয়নি। (সে দু'টি হচ্ছে) সূরা ফাতেহা ও সূরা বাক্লারার শেষ আয়াতসমূহ। ওর মধ্য হতে যে বর্ণটিই পাঠ করবেন, তাই আপনাকে দেওয়া হবে।"

## ফুটনোট

(মুসলিম ১৯১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন